আশ্রয়ণের অধিকার
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।
(www.ashrayanpmo.gov.bd)

মুজিব শতবর্ষ

স্মারক নং- ০৩.০২.০০০০.৭০৩.১৪.২৫২.২০-১২৩৭

তারিখঃ ১৬ আশ্বিন ১৪২৭ ব.
০২ অক্টোবর ২০২০ খ্রি.

**বিষয়ঃ ২০২০-২১ অর্থ বছরে আশ্রয়ণ-২ প্রকল্পের মাটির কাজ বাস্তবায়নের জন্য গমের বরাদ্দ আদেশ।**

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় নিম্নে বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে ৮ ও ৯ নং কলামের বর্ণনা অনুযায়ী বরাদ্দ আদেশ প্রদান করা হল।

| ক্রঃ নং | জেলা | উপজেলা | আশ্রয়ণ প্রকল্পের নাম | অনুমোদিত খাদ্যশস্যের পরিমাণ (গম) মে. টন (২০১৯-২০) | পূর্বে ছাড়কৃত গমের পরিমাণ (মে.টন) (২০১৯-২০) | ২০২০-২১ অর্থ বছরের রেইট সিডিউল অনুযায়ী সংশোধিত মোট খাদ্যশস্যের পরিমাণ (গম) মে. টন | বর্তমানে বরাদ্দকৃত খাদ্যশস্যের পরিমাণ (গম) মে. টন (চাল: গম ১:১.৩৬) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | অংকে | কথায় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ (৮+৬) | ৮(৭-৬) | ৯ |
| ১ | গাইবান্ধা | সাঘাটা | উত্তর দিঘলকান্দি পূর্বপাড়া | ৩৭৯.১৮৮ | ২০০.০০০ | ৩৭৫.৩২০ | ১৭৫.৩২০ | একশত পঁচাত্তর দশমিক তিন দুই শূন্য |
| ২ | গাইবান্ধা | সাঘাটা | উত্তর দিঘলকান্দি পশ্চিমপাড়া | ৬১৭.১২২ | ১৫০.০০০ | ৬০৭.০৪০ | ৪৫৭.০৪০ | চারশত সাতান্ন দশমিক শূন্য চার শূন্য |
| ৩ | গাইবান্ধা | সদর | পূর্ব বাটিকামারি | ৫৫৭.৬৮৬ | ৩০০.০০০ | ৫৫২.১২৪ | ২৫২.১২৪ | দুইশত বায়ান্ন দশমিক এক দুই চার |
| ৪ | নাটোর | লালপুর | রসুলপুর-২ | ৬৮৪.৫২২ | ৩৪৫.০০০ | ৬৭৭.১৯৪ | ৩৩২.১৯৪ | তিনশত বত্রিশ দশমিক এক নয় চার |
| ৫ | সিরাজগঞ্জ | কাজিপুর | সিন্দুরআটা | ৬২১.৪৪৩ | ৩১৫.০০০ | ৬১৪.৮২৯ | ২৯৯.৮২৯ | দুইশত নিরানব্বই দশমিক আট দুই নয় |
| ৬ | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | উত্তর লক্ষীপুর | ৩৯২.২৭৮ | ২০০.০০০ | ৩৮৮.১২৮ | ১৮৮.১২৮ | একশত আটাশি দশমিক এক দুই আট |
| | | | মোট = | ৩২৫২.২৩৯ | ১৫১০.০০০ | ৩২১৪.৬৩৫ | ১৭০৪.৬৩৫ | এক হাজার সাতশত চার দশমিক ছয় তিন পাঁচ |

০২। প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সংশ্লিষ্ট জেলা প্রশাসক উপজেলা পর্যায়ে বরাদ্দকৃত গমের বিপরীতে উপ-বরাদ্দাদেশ জারী করবেন। কাজ সমাপ্তির তারিখ ৩০ নভেম্বর, ২০২০ খ্রি.।

০৩। প্রকল্পের জন্য বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা নির্ধারিত তারিখের পূর্বে মাটির কাজ সমাপ্ত করে ৭(সাত) দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে। মাটির কাজের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৭(সাত) তারিখের মধ্যে আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৪। বর্ণিত প্রকল্পসমূহ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির আওতায় "প্রকল্প গ্রহণ, প্রণয়ন, অনুমোদন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ পরিপত্র (ডিসেম্বর'২০১৪)" অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে। তবে যে সকল প্রকল্পে সুবিধাভোগী পরিবার বসবাস করছে সেখানে প্রকল্প বাস্তবায়ন কমিটিতে সমাজকর্মী হিসেবে সংশ্লিষ্ট আশ্রয়ণ-২ প্রকল্পের সুবিধাভোগীদের দ্বারা পরিচালিত সমিতি কর্তৃক নির্বাচিত দুইজন সদস্য অর্ন্তভুক্ত করতে হবে।

০৫। উপর্যুক্ত প্রকল্প সমূহের অনুকূলে চলতি অর্থ বছরে ইতোমধ্যে অন্য কোন উৎস/সংস্থা হতে খাদ্যশস্য বরাদ্দ করা হয়ে থাকলে সে প্রকল্পের জন্য কোন খাদ্যশস্য ব্যবহার না করে বরাদ্দ আদেশ বাতিলের জন্য প্রস্তাব অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

০৬। প্রকল্পের কাজ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জেলা প্রশাসকের পক্ষে তত্ত্বাবধান ও নিয়মিত পরিবীক্ষণ করবেন এবং অত্র কার্যালয়কে অবহিত করবেন।

০৭। প্রকল্পের খাদ্যশস্যের সরবরাহ আদেশ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ জারী করবেন এবং সংযুক্ত ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজ সম্পাদন নিশ্চিতকরতঃ প্রকল্পের কাজ সমাপ্তির ৭(সাত) দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করবেন। যথাসময়ে সমাপ্তি প্রতিবেদন প্রেরণ ব্যর্থতা কর্তব্যে অবহেলা হিসেবে গণ্য করা হবে।

০৮। বরাদ্দপত্রের সঠিকতা যাচাই করার লক্ষ্যে প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সাথে `emboss' সীল মিলিয়ে দেখতে হবে।

০৯। প্রাক-জরিপকালীন সময়ে প্রদর্শিত উৎস হতে মাটি সংগ্রহ করতে হবে। অন্যথায় কর্মোত্তর জরিপে পূর্ব নির্ধারিত লিড ও লিফট বিবেচনা করা হবে না।

১০। যে সকল প্রকল্পে মাটির কাজ অসমাপ্ত থাকবে কর্মোত্তর জরিপে সে সকল প্রকল্পের লেভেলিং, ড্রেসিং ও টার্ফিং আইটেম বিবেচনা করা যাবে না।

১১। সংযুক্ত ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজটি সম্পাদন করতে হবে। প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প এর পূর্ব অনুমোদন ব্যতিরেকে প্রস্তাবিত প্রকল্পস্থান/ডিজাইন পরিবর্তন করা যাবে না।

১২। যে সকল প্রকল্পে বালি দ্বারা ভরাট করা হবে সে সকল প্রকল্পের চর্তুপার্শ্বে কমপক্ষে ৮ (আট) ফুট চওড়া (উপরের অংশ) করে মাটির রিং বাঁধ করতে হবে এবং বালি ভরাটের উপর কমপক্ষে ১ (এক) ফুট মাটি দ্বারা ফিলিং করতে হবে।

১৩। প্রকল্পের প্রাক-পরিমাপ ও চূড়ান্ত পরিমাপের সময় প্রকল্পের ছবি সংগ্রহ করে তা নথিতে সংরক্ষণ ও আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৪। সরকারি প্রচলিত বিধি এবং উপর্যুক্ত নির্দেশাবলীর আলোকে মাটির কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল।


মোঃ মাহবুব হোসেন
(অতিরিক্ত সচিব)
প্রকল্প পরিচালক
☎ ৪৮১১২৬১৮
মোবাইলঃ-০১৭১১৫৬৪৬৬৬
ইমেইল-(ashrayanpmo@gmail.com)


জেলা প্রশাসক
গাইবান্ধা/নাটোর/সিরাজগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)ঃ

১। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২/৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর/রাজশাহী/চট্টগ্রাম।
৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা/নাটোর/সিরাজগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া।
৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর, সাঘাটা,গাইবান্ধা/লালপুর,নাটোর/কাজিপুর,সিরাজগঞ্জ/নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সদর, সাঘাটা,গাইবান্ধা/লালপুর,নাটোর/কাজিপুর,সিরাজগঞ্জ/নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদর, সাঘাটা,গাইবান্ধা/লালপুর,নাটোর/কাজিপুর,সিরাজগঞ্জ/নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।